

স্মারক নম্বর : ৩১.০২.০০০০.০১৩.৩৮.০৫৮.২১.২৪

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯
২৭ ফেব্রুয়ারি ২০২২

“পরিপত্র”

বিষয় : “রেন্ট সার্টিফিকেট মামলা” প্রক্রিয়া সহজিকরণ।

বর্তমান সরকারের ঘোষিত রূপকল্প’২০৪১ অনুযায়ী সর্বস্তরে ডিজিটাল সেবা চালুকরণসহ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় ভূমি সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে বিদ্যমান পদ্ধতির বদলে আরও সহজ ও জনবান্ধব সহায়ক পদ্ধতিতে ভূমি কর আদায় প্রক্রিয়ার অংশ হিসেবে অনলাইন “Rent Certificate” নামক একটি সফটওয়্যার চালু করা হয়েছে। বর্তমানে নামজারী কার্যক্রম Land Information Management System (LIMS) এবং ভূমি উন্নয়ন কর সংক্রান্ত কার্যক্রম “Land Development Tax Management System” এর মাধ্যমে সম্পন্ন করা হলেও রেন্ট সার্টিফিকেট মামলা প্রক্রিয়া প্রচলিত পদ্ধতিতেই সম্পন্ন হচ্ছে। ফলে “রেন্ট সার্টিফিকেট” সফটওয়্যার এর মাধ্যমে বর্তমান ম্যানুয়াল পদ্ধতির ধাপসমূহ হাস করে রেন্ট সার্টিফিকেট মামলা ব্যবস্থাপনা পূর্বাপেক্ষা সহজিকরণ করা হয়েছে। এ পদ্ধতি প্রয়োগের ফলে সেবা প্রার্থীগণ স্বল্প সময়ে ও স্বল্প ব্যয়ে কাজিত সেবা গ্রহণে সক্ষম হবে।

২। এখন হতে সকল উপজেলা ভূমি অফিসে “রেন্ট সার্টিফিকেট মামলা” সেবাটি “Rent Certificate” সফটওয়্যারের মাধ্যমে সম্পাদন করতে হবে।

৩। জনস্বার্থে জারিকৃত এই নির্দেশনা অবিলম্বে কার্যকর করতে হবে।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

(স্বাক্ষর)
২৭/০২/২০২২

সোলেমান খান

চেয়ারম্যান (সচিব)

ভূমি সংস্কার বোর্ড

ফোন-০২-৮১৭০১৪৩

ই-মেইল : chairman@lrb.gov.bd


অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সদস্য (প্রশাসন)/(ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ০৫। জেলা প্রশাসক, ----- জেলা।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার- ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ০৮। সহকারী কমিশনার (ভূমি), ----- জেলা, ----- উপজেলা।
- ০৯। সহকারী মейনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (পরিপত্রটি বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।

বিদ্যমান প্রসেস ম্যাপ [অনাদায়ী ভূমি উন্নয়ন কর পরিশোধ কার্যক্রম
(রেন্ট সার্টিফিকেট মামলা কার্যক্রম)]

ধাপঃ ৯

সময়ঃ ২২ দিন



প্রস্তাবিত প্রসেস ম্যাপ [অনাদায়ী ভূমি উন্নয়ন কর পরিশোধ কার্যক্রম
(রেন্ট সার্টিফিকেট মামলা কার্যক্রম)]

ধাপঃ ৯

সময়ঃ ১৪ দিন

শুরু

ডিজিটাল সিস্টেম ব্যবহার করে ৩ বছরের উর্ধ্বে ভূমি কর অনাদায়ী ব্যক্তিদের তালিকা প্রণয়ন
এবং সহকারী কমিশনার (ভূমি) এর নিকট প্রেরণ

P: ULAO
T: 1 hour

ভূমি মালিককে নোটিশ প্রদান এবং এসএমএস, ইমেইল ও অনলাইন নাগরিক প্রোফাইলের
মাধ্যমে অবহিতকরণ।

P: AC (Land), জারীকারক
T: 3 days

P: মালিক
T: 1 day

ভূমি মালিক কর্তৃক কর
পরিশোধ?

হ্যাঁ

নিষ্পত্তি

শেষ

না

রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের; পুনরায় ভূমি মালিককে নোটিশ প্রদান এবং এসএমএস,
ইমেইল ও অনলাইন নাগরিক প্রোফাইলের মাধ্যমে অবহিতকরণ।

P: AC (Land), জারীকারক
T: 3 days

P: সার্ভেয়ার, কানুনগো
T: 3 days

P: AC (Land), T: 1 day

হ্যাঁ

তদন্ত?

না

শুনানী

P: মালিক, AC (Land)
T: 1 day

হ্যাঁ

আপত্তি দাখিল?

P: মালিক
T: 1 day

না

ভূমি মালিক কর্তৃক কর পরিশোধ এবং মামলা নিষ্পত্তি

P: মালিক, AC (Land)
T: 1 day

শেষ

১৫